

বাংলাদেশের
স্বাধীনতা
Bangladesh



ডইপি/৩৩১/ইউটি
আপলোডের নাম ছা মিল
স্টেশন প্রোগ্রামার
ইউ.সি.সি. প্রোগ্রামার
সি.সি.সি. প্রোগ্রামার
সি.সি.সি. প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর

৩১/১, সৈয়দ মাহরুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট: www.betar.gov.bd



তারিখ: ২০১৫/১২/০২

নং-১৫.৫৩.০০০০.০১৭.২৩.০১১.২১.২৯৬১

বিষয়: শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী-২০২২ এর অনুষ্ঠান পরিকল্পনা অনুমোদন।

আগামী ০৫ই আগস্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী-২০২২ উপলক্ষে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র এবং ইউনিটসমূহ থেকে প্রেরিত অনুষ্ঠান পরিকল্পনা নিম্নরূপ পরিবর্তন/সংযোজন সাপেক্ষে অনুমোদন দেয়া হলো :

শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী-২০২২

১। বাংলাদেশ বেতার ঢাকা:

দুপুর ০২:২০ মিনিটে প্রচারিতব্য বিশেষ প্রামাণ্য 'স্মৃতিতে শেখ কামাল' অনুষ্ঠানে অভিনেত্রী ডলি জহুর এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব ম. হামিদের সাক্ষাৎকার অন্তর্ভুক্ত করার অনুরোধ জানানো হলো।

২। বাংলাদেশ বেতার খুলনা:

ক. বিকাল ০৪:১৫ মিনিটে প্রচারিতব্য গীতিনকশার পরিবর্তে শেখ কামালকে নিবেদিত গান ও দেশের গান প্রচার করতে হবে।
খ. বিকাল ০৫:১০ মিনিটে প্রচারিতব্য 'চেতনায় মুক্তিযুদ্ধ' অনুষ্ঠানটি ম্যাগাজিন ফরম্যাটে প্রচারিত হবে।

৩। বাংলাদেশ বেতার রংপুর:

বিকাল ০৫:১০ মিনিটে প্রচারিতব্য গীতিনকশার পরিবর্তে শেখ কামালকে নিবেদিত গান ও দেশের গান প্রচার করতে হবে।

৪। বাংলাদেশ বেতার সিলেট:

ক. দুপুর ০২:০৫ মিনিটে প্রচারিতব্য 'সুন্দর সুবর্ণ' অনুষ্ঠানে শেখ কামালকে নিবেদিত গান ও দেশের গান প্রচার করতে হবে।
খ. দুপুর ০৩:০৫ মিনিটে প্রচারিতব্য বিশেষ গীতিনকশার পরিবর্তে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্র থেকে 'স্মৃতিতে শেখ কামাল' শিরোনামের প্রামাণ্য অনুষ্ঠান সংগ্রহ করে প্রচার করতে হবে।

৫। বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও:

বিকাল ০৫:১০ মিনিটে প্রচারিতব্য জীবনীভিত্তিক প্রামাণ্য অনুষ্ঠান 'আদর্শ তরুণ' এর পরিবর্তে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্র থেকে 'স্মৃতিতে শেখ কামাল' শিরোনামের প্রামাণ্য অনুষ্ঠান সংগ্রহ করে প্রচার করতে হবে।

৬। বাংলাদেশ বেতার রাঙামাটি:

বেলা ১১:১৩ মিনিটে প্রচারিতব্য আলোচনা অনুষ্ঠান 'তুমি ছিলে বাংলার উজ্জ্বল নক্ষত্র' এর নাম পরিবর্তন করে 'তরুণদের আদর্শে শেখ কামাল' করতে হবে।

৭। ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার ঢাকা।

সকাল ০৭:৪৫ মিনিটে প্রচারিতব্য 'ক্রীড়া ক্ষেত্রে শেখ কামালের অবদান' শীর্ষক কথিকার কথক হিসেবে সংশ্লিষ্ট বিশেষজ্ঞকে অন্তর্ভুক্ত করতে হবে।

৮। 'স্মৃতিতে শেখ কামাল' প্রামাণ্য অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার ঢাকা সকল কেন্দ্রকে সরবরাহ করবে।

৯। বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র 'স্মৃতিতে শেখ কামাল' অনুষ্ঠানটি ঢাকা কেন্দ্র থেকে সংগ্রহ করে সুবিধাজনক সময়ে প্রচার করবে। ট্রান্সক্রিপশন সার্ভিস অনুষ্ঠানটি সংগ্রহ করে সংরক্ষণ করবে।

১০। অনুষ্ঠান পরিকল্পনা প্রেরণে বানান বিষয়ে সকল আঞ্চলিক কেন্দ্র এবং ইউনিটসমূহকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।

১১। সকল বিশেষ অনুষ্ঠান পরিকল্পনা নির্ধারিত সময়ের ০৩(তিন) মাস পূর্বে আবশ্যিকভাবে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। অনুষ্ঠান পরিকল্পনা কিউশিট মোতাবেক প্রেরণের সাথে সাথে বিশেষ অনুষ্ঠানগুলো আলাদাভাবে ইতোপূর্বে প্রেরণকৃত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে।

১৩। এছাড়াও বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্র এবং ইউনিটসমূহের অনুষ্ঠান পরিকল্পনা যথাযথ বিধায় অনুমোদন দেয়া হলো।

মো: ছালাহ উদ্দিন

উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)

মহাপরিচালকের পক্ষে।

ফোন নং: ০২-৪৪৮১৩১৮১

Email: betarddprogram@gmail.com

বিতরণ ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অবগতি ও অধঃস্তন দপ্তরসমূহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের আদেশ প্রদানের অনুরোধসহ)
- ২। পরিচালক (অনুষ্ঠান)/সদর দপ্তর/শিক্ষা/কৃষি বিষয়ক কার্যক্রম/সংগীত/বাণিজ্যিক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিষয় কার্যক্রম/লিয়াজে ও শ্রোতা গবেষণা অনুবিভাগ/বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৩। পরিচালক বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম।
- ৪। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/রাঙামাটি/কক্সবাজার/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
- ৬। আঞ্চলিক পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৭। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার ঢাকা।

নং-১৫.৫৩.০০০০.০১৭.২৩.০১১.২১.২১৬৯

তারিখ: ২০/০৬/২০২২

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সকল উপ-পরিচালকবৃন্দ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
- ৪। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১) মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
- ৫। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-২) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-২) মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
- ৬। গার্ড ফাইল।

সায়দ মোস্তফা কামাল
পরিচালক (অনুষ্ঠান)

ফোন নং: ০২-৪৪৮১৩০৭৪

Email: dp.program.betar@gmail.com